পড়ি লিখি শিখি



পশ্চিমবঙ্গ রাজ্য প্রারম্ভিক শিক্ষা উন্নয়ন সংস্থা ও ইউনিসেফের যৌথ উদ্যোগে প্রস্তুত

নির্দিষ্ট পাঠের ভিত্তিতে বিভিন্ন পর্যায়ে করণীয় যা

					(শিখন পদ্ধতি)		
মাস	সপ্তাহ	বিষয়	পাঠ	পাঠ উপকরণ ব্যবহার অনুশীলনীর সংযোজন	শিক্ষকের কাজ (বড়োদলে)	শিক্ষার্থীর কাজ (ছোটদলে)	সামর্থ্যগত ফল
প্রথম মাস	প্রথম সপ্তাহ ও দ্বিতীয় সপ্তাহ	**প্রথম ভাগ** ছড়া	আতা গাছে তোতা পাখি .... খোকা গেছে মাছ ধরতে....... বনে থাকে বাঘ.................... চাঁদ উঠেছে ফুল ফুটেছে........ পৃঃ ১ — ৮	কিশলয় ও সহজ পাঠের ছড়ার নমুনা অনুশীলন গ্রন্থে সংযোজিত। এছাড়া, অনুরূপ অন্য ছড়া ব্যবহার করা যেতে পারে। ছড়া অনুযায়ী ছবি, (ছোটদলে) বড়ো কাট আউট উপকরণ হিসেবে আসবে।	শিক্ষক / শিক্ষিকা বড়োদলে তাল, ছন্দ রেখে স্পষ্ট উচ্চারণে, অভিনয় সহকারে সরবে ছড়া বলবেন। শিক্ষক / শিক্ষিকা লক্ষ রাখবেন প্রতিটি শিশু সঠিকভাবে ছড়া বলছে কিনা।	শিশুরা শুনে এই ভাবে আনন্দ সহকারে সাবলীল ভাবে ছড়া বলবে। প্রত্যেকে আলাদা ভাবে অঙ্গ ভঙ্গি সহকারে ছড়াটি বলবে।	শোনা ও বলার দক্ষতা বৃদ্ধি পাবে, ধ্বনি সচেতনতা বৃদ্ধি পাবে, ছবি পড়ে ও শুনে স্পষ্ট উচ্চারণে বলা। তাল ছন্দ রেখে আনন্দ সহকারে ও জড়তাহীন ভাবে ছড়া বলা ও মনে(দীর্ঘস্থায়ী স্মৃতি) ধরে রাখা।
প্রথম মাস	তৃতীয় সপ্তাহ	গল্প	ভালু চলে খেতে খেতে। ছবি দেখে গল্প বলা (দুটি) পৃঃ ৯ — ১১	পাঠ্য গল্প ছাড়া অনুশীলন গ্রন্থে সংযোজিত গল্প, অনুরূপ আরো গল্প শিক্ষক ব্যবহার করতে পারেন। গল্পের কার্ড, ছবির চার্ট উপকরণ হিসেবে ব্যবহার হবে।	বড়োদলে শিক্ষক / শিক্ষিকা কার্ড ও ছবির চার্ট দেখিয়ে গল্পটি বলবেন। গল্প থেকে বিভিন্ন প্রশ্নের মাধ্যমে বিষয়ের গভীরে প্রবেশ করবেন। বিষয়টি পাঠ করবেন- পড়ুয়ারা শুনবে ও পড়ুয়াদের নিজেদের স্কুলের প্রথম অভিজ্ঞতা সম্বন্ধে জানতে চাইবেন।	শিক্ষার্থীরা গল্পটি শুনে নিজের ভাষায় গুছিয়ে বলবে। বিভিন্ন প্রশ্নের উত্তর দেবে। নিজেরা কোন একটি গল্প বলবে। পড়ুয়ারা নিজেদের অভিজ্ঞতা নিজেদের মতো করে বলবে।	শোনা-বলার দক্ষতা, শুনে নিজের ভাষায় প্রকাশ করার দক্ষতা বৃদ্ধি, ঘটনা শুনে মনে রাখা, ছবি দেখে বলতে পারা, ঘটনা ক্রম অনুযায়ী গল্প বলতে পারা। চরিত্র বলা। প্রশ্ন শুনে উত্তর বলতে পারা।
		ধ্বনি	ছবি দেখে ধ্বনিক্রম সম্পর্কে সচেতনতা। পৃঃ — ১২	ছবির কার্ড উপকরণ হিসাবে ব্যবহার করা হবে।	শিক্ষক ছবি দেখিয়ে শিশুকে তার জানা শব্দটি বলতে বলবেন ও সঠিক উচ্চারণ করতে শেখাবেন। তারপরে শব্দ ভেঙে আরম্ভের, মাঝের ও শেষের ধ্বনি সম্পর্কে সচেতন করবেন।	পড়ুয়ারা জানা শব্দের ধ্বনি বিশ্লেষণ করবে।	সঠিক উচ্চারণ ও ধ্বনি সম্বন্ধে সচেতন করা, ধ্বনি বিশ্লেষণ শেখান।

নির্দিষ্ট পাঠের ভিত্তিতে বিভিন্ন পর্যায়ে করণীয় যা

					(শিখন পদ্ধতি)		
মাস	সপ্তাহ	বিষয়	পাঠ	পাঠ উপকরণ ব্যবহার অনুশীলনীর সংযোজন	শিক্ষকের কাজ (বড়োদলে)	শিক্ষার্থীর কাজ (ছোটদলে)	সামর্থ্যগত ফল
প্রথম মাস দ্বিতীয় মাস	চতুর্থ প্রথম দ্বিতীয় তৃতীয় চতুর্থ	**দ্বিতীয় ভাগ** বর্ণ চেনা ও বর্ণমালা শেখা	এসো বর্ণ চিনি পৃঃ — ১৩ — ২৩ পৃঃ — ২৪ — ৩১	বোর্ড, স্বরচার্ট। পাঠ্য বইয়ের অনুশীলনীর কাজ হবে ও অনুশীলন গ্রন্থের কাজও একই সঙ্গে চলবে।	শিক্ষক / শিক্ষিকা ছড়া ও শব্দে ব্যবহৃত বর্ণ চেনাবেন। প্রতিটি ক্ষেত্রে শিশুরা বর্ণগুলি চিনবে, সঠিকভাবে উচ্চারণ করবে, মাত্রা সহ লিখবে। শিক্ষক / শিক্ষিকা স্বরচার্টের সাহায্যে বর্ণ চেনাবেন। বর্ণ দিয়ে শব্দ, কার্ডের সাহায্যে তৈরি করে দেখাবেন। কয়েকটি বর্ণ শেখার পর মৌখিকভাবে কার্ডের সাহায্যে মূল্যায়ন করবেন। অনুশীলন গ্রন্থে বর্ণলেখা ও বর্ণ দিয়ে শব্দ লেখা অনুশীলন করাবেন।	ছোটোদলে শিশুরা ছবি দেখে শব্দ বলবে এবং কোন কোন বর্ণ আছে তা শিখবে। যেমন - 'আম'। এখানে 'আ', 'ম' বর্ণ আছে এই বর্ণ দিয়ে আবার শব্দ বানাবে এইভাবে বর্ণ পরিচিতি লাভ করবে। বর্ণ ভালো করে শেখা হয়ে গেলে এই বর্ণগুলো দিয়ে শব্দ তৈরি করবে।	বর্ণ চেনা, সঠিকভাবে বর্ণের উচ্চারণ করতে পারা, চেনা বর্ণের সাহায্যে শব্দ তৈরি, বর্ণ মাত্রা সহ লিখতে পারা।
তৃতীয় মাস	প্রথম দ্বিতীয় তৃতীয় চতুর্থ	**বর্ণমালা** স্বরবর্ণ ও ব্যঞ্জন বর্ণ	স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ শেখা ও স্বরচিহ্নের ব্যবহার পৃঃ — ৩২ — ৫৩	স্বরচার্ট, কর্মপত্র, ব্ল্যাকবোর্ড।	স্বরবর্ণ শেখা হয়ে গেলে ক্রম অনুযায়ী স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণগুলি পড়াবেন। বিভিন্ন বর্ণ, কার্ডের সাহায্যে উপস্থাপন করবেন। শিশুর বর্ণের ধারণা রপ্ত হয়েছে কিনা তা যথাযথ পদ্ধতির সাহায্যে মূল্যায়ন করবেন।	শিক্ষার্থীরা ছোটোদলে স্বর চিহ্নের ব্যবহার শিখবে ও কর্মপত্রে কাজ করবে।	বর্ণের ক্রমের ধারণা অর্থাৎ আগের ও পরের বর্ণের ধারণা স্পষ্ট হওয়া।

নির্দিষ্ট পাঠের ভিত্তিতে বিভিন্ন পর্যায়ে করণীয় যা

					(শিখন পদ্ধতি)		
মাস	সপ্তাহ	বিষয়	পাঠ	পাঠ উপকরণ ব্যবহার অনুশীলনীর সংযোজন	শিক্ষকের কাজ (বড়োদলে)	শিক্ষার্থীর কাজ (ছোটদলে)	সামর্থ্যগত ফল
চতুর্থ মাস	প্রথম দ্বিতীয় ও তৃতীয়	শব্দ তৈরি ও শব্দে গঠিত ছোটো ছোটো বাক্য বানানো।	বর্ণ মিলিয়ে শব্দ বানানো ও বাক্য রচনা। পৃঃ — ৫৪ — ৬২	বোর্ড, অনুশীলন গ্রন্থের কর্মপত্র, চক্রচার্ট, ফোল্ডার, স্বরচার্ট।	স্বরচার্টের সাহায্যে শিক্ষক বর্ণ কার্ড দিয়ে শব্দ তৈরি করে দেখাবেন। এই পাঠে যে শব্দগুলি আছে তার কয়েকটি ব্যবহার করে বাক্য রচনা শেখাবেন এবং অনুশীলনীর কাজ দেবেন।	শিশুরা ছোটদলে শব্দ ও বাক্য তৈরী করবে। এবং স্বনির্ভর ভাবে অনুশীলনীর কাজ করবে।	শব্দ ও বাক্য তৈরী ও লিখতে পারা।
চতুর্থ মাস পঞ্চম মাস	চতুর্থ প্রথম দ্বিতীয় তৃতীয়	<u>তৃতীয় ভাগ</u> রেখা আঁকা ও লেখা	হাতের লেখা অনুশীলন পৃঃ — ৬৩ — ৯৪	বিভিন্ন বর্ণ কার্ড, ফোল্ডার, বোর্ড, শব্দ কার্ড।	শিক্ষক / শিক্ষিকা অনুশীলনী বই থেকে হাতের লেখা অনুশীলন করাবেন।	শিক্ষার্থীরা ছোট ছোট দলে ভাগ হয়ে অনুশীলনীর কাজ করবে।	স্বনির্ভর ভাবে লেখার দক্ষতা বৃদ্ধি।
পঞ্চম মাস ষষ্ঠ মাস	চতুর্থ প্রথম দ্বিতীয় তৃতীয় ও চতুর্থ	স্ব - পঠন ও স্ব-লিখন	স্ব - পঠন, স্ব-লিখন, অনুশীলনী। পৃঃ — ৯৫ — ১২৮	স্বপঠন ও স্বলিখনের জন্য বিভিন্ন রকম কবিতা ও গল্পের ব্যবহার। যে কোন বিষয়, ছবি, বোর্ড ও অনুশীলন গ্রন্থের ব্যবহার।	শিক্ষক / শিক্ষিকা বিভিন্ন ছবি সহ সরল ভাষায় লেখা বই পড়তে দেবেন। বইয়ের কোনো ছবি বা অন্য কোনো বিষয় / ভাব ভিত্তিক ছবি দেবেন। বিষয় টি নিয়ে আলোচনা করে দেবেন। বই থেকে শ্রুতি লিখন দিতে পারবেন।	শিক্ষার্থীরা স্পষ্ট উচ্চারণে সরবে যে কোনো পাঠ থেকে পড়বে। ছবি বা কোনো বিষয় নিয়ে আলোচনা করে লিখবে। শ্রুতি লিখন লিখবে।	বানান না করে পড়া। ছবি পড়া ও লেখা। যে কোনো বিষয় নিয়ে অনুচ্ছেদ লেখা। শুনে যে কোনো শব্দ, বাক্য লিখতে পারা। স্ব-নির্ভর ভাবে পড়া ও লেখার দক্ষতা বৃদ্ধি। বোধগম্যতারস্তর বৃদ্ধি পাওয়া।

প্রথম ভাগ

কিশলয়ের প্রথম ভাগে ব্যবহৃত ছড়া ও সহজ পাঠ (১ম ভাগের) ছড়া অনুশীলনী হিসেবে ব্যবহার করা হবে। ছড়া বা গল্প কিশলয়ের প্রথমভাগের পাঠদানের পর বিস্তৃত অনুশীলনের অঙ্গ হিসেবে বাড়তি ছড়া বা গল্পের অভ্যাস করাতে হবে।

শিক্ষক বড়োদলে বড়ো ছবির সাহায্যে ছড়া বলাবেন। ছবি নিয়ে আলোচনা করবেন, প্রশ্ন করবেন। ছবিকে বিশেষভাবে প্রাধান্য দেবেন।

সামর্থ্য ঃ ছবি দেখা, ছবি পড়া, ছড়া শোনা, অভিনয়সহ ছড়া বলতে শেখা, ছবির পরিবেশের সঙ্গে বাস্তব জীবনের সম্পর্ক স্থাপন।


১.ক. এসো ছড়া বলি

আতা গাছে তোতাপাখি,
ডালিম গাছে মউ।
হীরে দাদার মড়মড়ে থান
ঠাকুরদাদার বউ।।




শিক্ষক বড়োদলে বিষয় / চরিত্রের ছবি এবং 'শব্দের ছবি' মেলাবেন। ছোট দলে প্রতিটি শিশু এলোমেলো কার্ড ঠিকমত সাজিয়ে ছড়াটি বানাবে।
সামর্থ্য ঃ ছবি পড়া, তালে তালে ছন্দ, মাত্রার মজা পাওয়া, ছবির সঙ্গে শব্দের পরিচয়, অনেক শব্দ নিয়ে ছড়া হয় তা জানা। শব্দের একক ছবি হিসাবে শব্দটিকে পড়তে পারা।


১.খ.




আতা




গাছে




তোতাপাখি



ডালিম



গাছে



মউ



হীরেদাদার মড়মড়ে থান




ঠাকুরদাদার বউ

শিক্ষক বড়োদলে বড়ো ছবির সাহায্যে ছড়া বলাবেন। ছবি নিয়ে আলোচনা করবেন, প্রশ্ন করবেন। ছবিকে বিশেষ ভাবে প্রাধান্য দেবেন।
সামর্থ্য ঃ ছবি দেখা, ছবি পড়া, ছড়া শোনা, অভিনয়সহ ছড়া বলতে শেখা, ছবির পরিবেশের সঙ্গে বাস্তব জীবনের সম্পর্ক স্থাপন।

২.ক. এসো ছড়া বলি




খোকা গেছে মাছ ধরতে
ক্ষীর নদীর কূলে।
ছিপ নিয়ে গেল কোলা ব্যাঙ
মাছ নিয়ে গেল চিলে।



শিক্ষক বড়োদলে বিষয় / চরিত্রের ছবি এবং 'শব্দের ছবি' মেলাবেন। ছোট দলে প্রতিটি শিশু এলোমেলো কার্ড ঠিকমত সাজিয়ে ছড়াটি বানাবে।

সামর্থ্য ঃ ছবি পড়া, তালে তালে ছন্দ, মাত্রার মজা পাওয়া, ছবির সঙ্গে শব্দের পরিচয়, অনেক শব্দ নিয়ে ছড়া হয় তা জানা। শব্দের একক ছবি হিসাবে শব্দটিকে পড়তে পারা।

২.খ. ছবির সাথে মিলিয়ে ছড়া বলি


	
খোকা গেছে	মাছ ধরতে
	
ক্ষীরনদীর	কূলে
	
ছিপ নিয়ে	গেল কোলাব্যাঙ
	
মাছ নিয়ে	গেল চিলে

শিক্ষক বড়োদলে বড়ো ছবির সাহায্যে ছড়া বলাবেন। ছবি নিয়ে আলোচনা করবেন, প্রশ্ন করবেন। ছবিকে বিশেষ ভাবে প্রাধান্য দেবেন।

সামর্থ্য ঃ ছবি দেখা, ছবি পড়া, ছড়া শোনা, অভিনয়সহ ছড়া বলতে শেখা, ছবির পরিবেশের সঙ্গে বাস্তব জীবনের সম্পর্ক স্থাপন।

৩.ক. এসো ছড়া বলি


বনে থাকে বাঘ।
গাছে থাকে পাখি।
জলে থাকে মাছ।
ডালে আছে ফল।
পাখি ফল খায়।
পাখা মেলে ওড়ে।




শিক্ষক বড়োদলে বিষয় / চরিত্রের ছবি এবং 'শব্দের ছবি' মেলাবেন। ছোট দলে প্রতিটি শিশু এলোমেলো কার্ড ঠিকমত সাজিয়ে ছড়াটি বানাবে।

সামর্থ্য ঃ ছবি পড়া, তালে তালে ছন্দ, মাত্রার মজা পাওয়া, ছবির সঙ্গে শব্দের পরিচয়, অনেক শব্দ নিয়ে ছড়া হয় তা জানা। শব্দের একক ছবি হিসাবে শব্দটিকে পড়তে পারা।


৪.খ. ছবির সাথে মিলিয়ে ছড়া বলি




চাঁদ উঠেছে



ফুল ফুটেছে



কদম তলায় কে



হাতি নাচছে




ঘোড়া নাচছে



সোনামণির বে

শিক্ষক / শিক্ষিকা শিক্ষার্থীদের গল্পটি ছবি দেখে মুখে মুখে বলতে বলবেন।


ছবি দেখে গল্প বলি




ভালু চলে খেতে খেতে।



পাখি গেল টুপি নিয়ে।



হাতি গেল খাবার নিয়ে।




ভালু কাঁদে উঁ-উঁ-উঁ।


ছবি দেখে গল্প বলি



ছবি দেখে গল্প বলি



শিশুরা প্রথম শ্রেণীতে ভর্ত্তি হওয়ার আগেই তাদের মাতৃভাষায় কয়েক হাজার শব্দ মুখে মুখে শিখে আসে। শিশু সহজেই সম্পূর্ণ শব্দ ও বাক্য উচ্চারণ করতে পারে। সে শব্দের ভেতরে বিভিন্ন ধ্বনিক্রম সম্পর্কে সচেতন নয়। শিশুকে তার জানা শব্দের ধ্বনি সম্পর্কে সচেতন করানোই হল ভাষা শেখানোর সর্বপ্রথম বৈজ্ঞানিক পদক্ষেপ। সে উদ্দেশ্যে এই পাঠে অনেকগুলো ছবি দেওয়া হয়েছে। প্রায় সব শিশুই এই ছবিগুলোর নাম জানে। প্রথমে শিক্ষক মহাশয় এই ছবিগুলো সব শিশু বলতে পারে কিনা যাচাই করে নেবেন। পরে এক এক শিশুকে এক একটি শব্দ সুস্পষ্টভাবে উচ্চারণ করতে বলবেন এবং প্রথমদিকে তিনি কয়েকটি শব্দকে ভেঙে তার আরম্ভের ধ্বনি, শেষের ধ্বনি ও মাঝের ধ্বনি সম্বন্ধে সচেতন করে দেবেন বর্ণের নাম না বলে। পরে শিশুদের প্রশ্নোত্তরের মধ্য দিয়ে তাদের বলা নামের ধ্বনি বিশ্লেষণ করতে বলবেন। যেমন — 'কুকুর' শব্দের প্রথম ধ্বনি কি? শেষের ধ্বনি কি? মধ্যের ধ্বনি কি? 'ক' দিয়ে শুরু হয় এইরকম ক'টি নাম আছে? যে ধ্বনি দিয়ে কুকুর শব্দ শুরু হয় সেই ধ্বনি দিয়ে আরম্ভ হয় এমন শব্দ খুঁজে বার কর। ছবির শব্দ শেষ হয়ে গেলে শিশুদের জানা অন্য শব্দ নিয়েও এই খেলা চলতে পারে।




দ্বিতীয় ভাগ

শিক্ষক বড়োদলে বর্ণমালার চার্টের সাহায্যে ছড়া শেখাবেন। কার্ড ও চার্টের সাহায্যে বর্ণ চেনাবেন। ছোটদলে বর্ণটিতে আঙ্গুল দিয়ে ছড়া মুখস্থ বলবেন।

সামর্থ্য ঃ ছড়া শোনা, ছড়া বলা, ছবি দেখা, ছবির সঙ্গে ছড়া ও ছড়ার মধ্যের শব্দ জানা।

বাংলা বর্ণমালা

অ



অজগর আসছে তেড়ে

আ



আমটি আমি খাব পেড়ে

ই



ইঁদুর-ছানা ভয়ে মরে

ঈ




ঈগল পাখি পাছে ধরে

অ আ ই ঈ

হাতের লেখার কাজ অ, আ দিয়ে শুরু করিয়ে দেবেন এবং প্রত্যেক দিন পুরানো বর্ণ লেখা অভ্যাস করার সাথে নতুন বর্ণ সঠিকভাবে লিখতে শেখাবেন।

উ



উট চলেছে মুখটি তুলে

ঊ



(দীর্ঘ) ঊটি আছে ঝুলে

ঋ



ঋষি মশাই ব'সেন পূজায়
কাঠবেড়ালি ডিগবাজি খায়

উ ঊ ঋ

এ




এক্কা গাড়ি খুব ছুটেছে

ঐ



ঐ দেখ ভাই চাঁদ উঠেছে

ও



ওল খেওনা ধরবে গলা

ঔ



ঔষধ খেতে মিছেই বলা

এ ঐ ও ঔ

শিক্ষক বড়োদলে বর্ণমালার চার্টের সাহায্যে ছড়া শেখাবেন। কার্ড ও চার্টের সাহায্যে বর্ণ চেনাবেন। ছোটদলে বর্ণটিতে আঙ্গুল দিয়ে ছড়া মুখস্থ বলবেন।

সামর্থ্য ঃ ছড়া শোনা, ছড়া বলা, ছবি দেখা, ছবির সঙ্গে ছড়া ও ছড়ার মধ্যের শব্দ জানা।

ক




কাকাতুয়ার মাথায় ঝুঁটি

খ



খেঁকশিয়ালী পালায় ছুটি

গ



গরু-বাছুর দাঁড়িয়ে আছে

ঘ



ঘুঘু পাখি ডাকছে গাছে

ঙ




ঙ নৌকা, মাঝি ব্যাঙ

ক খ গ ঘ ঙ

হাতের লেখার কাজ অ, আ দিয়ে শুরু করিয়ে দেবেন এবং প্রত্যেক দিন পুরানো বর্ণ পড়া ও লেখা অভ্যাস করার সাথে নতুন বর্ণ সঠিকভাবে পড়তে ও লিখতে শেখাবেন।

চ




চিতাবাঘের সরু ঠ্যাঙ

ছ




ছাগল-ছানা লাফিয়ে চলে

জ



জাহাজ ভাসে সাগর-জলে

ঝ



ঝাড়ু হাতে এল কানাই

ঞ



ঞ চ'ড়ে নাচছে দু'ভাই

ক	খ	গ	ঘ	ঙ
চ	ছ	জ	ঝ	ঞ

ট



টিয়া পাখির ঠোঁটটি লাল

ঠ



ঠাকুরদাদার শুকনো গাল

ড



ডুলি কাঁধে বেহারা যায়

ঢ



ঢুলি-ভায়া ঢোলক বাজায়

ণ



(মূর্ধণ্য) ণ নাকের পরে


ক	খ	গ	ঘ	ঙ
চ	ছ	জ	ঝ	ঞ
ট	ঠ	ড	ঢ	ণ

ত



তিমি আপন শিকার ধরে

থ




থালা ভরা আছে মিঠাই

দ



দোয়াত আছে কালি নাই

ধ



ধোপা কেমন কাপড় কাচে

ন



নাপিত ভায়া দাড়ি চাঁচে

ক	খ	গ	ঘ	ঙ
চ	ছ	জ	ঝ	ঞ
ট	ঠ	ড	ঢ	ণ
ত	থ	দ	ধ	ন

প



পাখির বাসা হাওয়ায় নড়ে

ফ



ফোয়ারা হতে জল পড়ে

ব



বুলবুলিটির মুখটি কালো

ভ



ভালুক জানে বাসতে ভালো


ম



ময়ূর নাচে পেখম ধ'রে


ক	খ	গ	ঘ	ঙ
চ	ছ	জ	ঝ	ঞ
ট	ঠ	ড	ঢ	ণ
ত	থ	দ	ধ	ন
প	ফ	ব	ভ	ম

য



যাঁতা ঘোরে হাতের জোরে

র



রাজহাঁসটির গলা সরু

ল



লাঠির চোটে পালায় গরু

শ



শকুন কাঁদে গরুর শোকে


ষ



ষাঁড় ছুটেছে পুকুর-পাড়ে

ক	খ	গ	ঘ	ঙ
চ	ছ	জ	ঝ	ঞ
ট	ঠ	ড	ঢ	ণ
ত	থ	দ	ধ	ন
প	ফ	ব	ভ	ম
য	র	ল	শ	ষ

স




সিংহ রাগে কেশর নাড়ে

হ




হাসিমুখটি দেখতে বেশ

ড়



ড়-এর দফা হল শেষ

ঢ়



ঢ়-এর মাথা কামড়ে খায়

য়



য় ব্যাঙকে বাঁচায়

ক	খ	গ	ঘ	ঙ
চ	ছ	জ	ঝ	ঞ
ট	ঠ	ড	ঢ	ণ
ত	থ	দ	ধ	ন
প	ফ	ব	ভ	ম
য	র	ল	শ	ষ
স	হ	ড়	ঢ়	য়

ৎ



(খণ্ড) ৎ ঐ পুষির গায়

ং



(অনুস্বার)ং-টি হারিয়ে যায়

ঃ



(বিসর্গ) ঃ-এর ভুঁড়ো পেট

ঁ



(চন্দ্রবিন্দু)ঁ-র মাথা হেঁট

ক	খ	গ	ঘ	ঙ	-ক বর্গ
চ	ছ	জ	ঝ	ঞ	-চ বর্গ
ট	ঠ	ড	ঢ	ণ	-ট বর্গ
ত	থ	দ	ধ	ন	-ত বর্গ
প	ফ	ব	ভ	ম	-প বর্গ
য	র	ল	শ	ষ	-য বর্গ
স	হ	ড়	ঢ়	য়	-স বর্গ
ৎ	ং	ঃ	ঁ		

শিক্ষক বড়োদলে বোর্ডে মাত্রাযুক্ত, মাত্রাহীন ও অর্ধমাত্রা বর্ণগুলো লিখে বলে দেবেন। শিক্ষার্থীরা ছোটদলে কার্ড দিয়ে বর্ণগুলো সাজাবে এবং লিখবে।

এসো বর্ণ চিনি ও লিখি

কারো মাত্রা আছে, কারো মাত্রা নেই। কারো আবার আধা মাত্রা।

স্বরবর্ণ ঃ মাত্রা আছে — অ আ ই ঈ উ ঊ

মাত্রা নেই ঃ — ঋ এ ঐ ও ঔ

ব্যঞ্জন বর্ণ ঃ মাত্রা আছে ঃ

ক ঘ চ ছ জ ট ঠ ড ঢ

ত দ ন ফ ব ভ ম য র

ল ষ স হ ড় ঢ় য়

মাত্রা নেই ঃ — ঙ ঞ ৎ ং ঃ ঁ

আধা মাত্রা ঃ — খ গ ঝ ণ থ ধ প শ

এস লিখি ঃ

মাত্রা নেই বর্ণগুলি খুঁজি ঃ — দ ভ ম ঞ

মাত্রা আছে এমন বর্ণ খুঁজি ঃ — খ ম গ ঙ ক ল ণ য ঝ হ প স

আধা মাত্রা আছে এমন বর্ণ খুঁজি ঃ — ষ ত ঝ ন ণ প ব ড থ ফ

শিক্ষক এই পৃষ্ঠার কাজগুলি উদাহরণসহ বোর্ডে বড়োদলে বুঝিয়ে দেবেন।
ছোটদলে শিশুরা নিজেরা কাজটি করবে ও যাচাই করবে।
সামর্থ্য ঃ ব্যঞ্জনবর্ণ ক্রম অনুসারে লেখা।

আগের বর্ণগুলি লিখি

____ খ, ____ ঞ, ____ ঢ, ____ ভ।

পরের বর্ণগুলি লিখি

প ____, র ____, ধ ____, হ ____।

আগের ও পরের বর্ণগুলি লিখি

____, গ, ____ ____, জ, ____

____, ড, ____ ____, দ, ____

____, ব, ____ ____, ল, ____

মাঝের বর্ণগুলি লিখি

ঠ, ____, ____, ন ছ, ____, ____, ঞ

ফ, ____, ____, ম ট, ____, ____, ঢ






ত, ____, ____, ধ য, ____, ____, শ

ফাঁকা ঘরে বর্ণ লিখি

চ			ঝ	
		দ		

শিক্ষক বড়োদলে ছবি ও শব্দ নিয়ে আলোচনা করবেন। শিক্ষার্থীরা ছোটদলে ছবি মিলিয়ে শব্দ লিখবে পরে শব্দগুলোকে আলাদা করে খাতায় লিখবে।
সামর্থ্য ঃ ছবি দেখা শব্দ বলা, লেখা। নতুন শব্দ শেখা। বাস্তবের সঙ্গে সম্পর্ক স্থাপন।



ছবি দেখে ছবির নাম লিখি ঃ



			৯
বই	...ট	ট...	ন...
			৮
ঘর	ব...	...ম	...ট
			
.........ল.........	ক...................	ক...................	ঈ...................
			
..................উ	..........ষ..........	..................ক	..................খ

শিক্ষক বড়োদলে একটি উদাহরণ দিয়ে বুঝিয়ে দেবেন। ছোটদলে শিক্ষার্থীরা ছবি দেখে ছবির নাম লিখবে। পরে খাতায় যতগুলো শব্দ মনে করতে পারবে লিখবে।

সামর্থ্য ঃ ছবি দেখে শব্দ বলতে ও লিখতে পারা।

ছবি দেখে ছবির নাম লিখি ঃ

	উট
	ঘর
১	এক
	কল
	মগ
	
	বল
	[illegible]
৮	আট
	বই

	বক
	মই
	
	আম
	
	বটে
	ঘটি
	
	কলে
৬	ছয়


ঠিক করে লিখি ঃ

জ আ	ই দ	ট উ	ড় চ
আজ	....	....	....
ত ক	ম আ	ল ক	ন আ
....	....	....	....
ড় প	ই খ	ড় ব	ই ক
....	....	....	....
ক এ	ন জ	ল ত	ন ম
....	....	....	....
ল জ	ই ম	য় ভ	ল দ
....	....	....	....

শিক্ষক বড়োদলে বোর্ডে লিখে ছক থেকে শব্দ বানাবেন। ছোটদলে শিক্ষার্থীরা বর্ণ কার্ডের সাহায্যে পকেট বোর্ডে সাজাবে, নীচের ছক যাচাই করে লিখবে।

সামর্থ্য ঃ ছক থেকে দুটি দুটি বর্ণ দিয়ে শব্দ তৈরি করতে পারা।

পড়ি ও বানাই ঃ




বর্ণ বসাই ও কী হল দেখি —


আ............	............জ	চ............	............ক
............ই	ব............	ক............	খ............
গ............	............জ	হ............	............জ


সামর্থ্য ঃ তিনটি বর্ণ দিয়ে শব্দ লিখতে পারা।


ছক থেকে ছবির নাম লিখি ঃ


ক	লম	খড়	ম	ঈগ	ল	টগ	র
	লস	মল		কম		নখ	




















শিক্ষক বোর্ড ও কার্ডের মাধ্যমে বড়োদলে করে দেখাবেন এবং পরে শিশুদের ছোটদলে কাজ করাবেন। স্বরচিহ্নহীন শব্দ চেনা ও স্বরচিহ্নহীন শব্দ দিয়ে ছোটো বাক্য তৈরি করতে পারা।


বামদিকের সাথে ডানদিক মিলিয়ে দাগ দিই




রথ



বল



কলস



উট

বামদিকের ও ডানদিকের ঝুড়ি থেকে নিয়ে লিখি

জল, বই, দই, ঝড়, মই, → এল, আন, ধর, পড়, কই,


জল আন।

শিক্ষক বড়োদলে বোর্ডে স্বরচিহ্ন যোগে শব্দ তৈরি শেখাবেন। শিক্ষার্থীরা নীচের ব্যঞ্জনবর্ণের সঙ্গে স্বরচিহ্ন (া) যোগ করে ছবি অনুযায়ী শব্দ বানাবে।


সামর্থ্য ঃ স্বরচিহ্ন (আ-কার - া) যুক্ত শব্দ ছবি দেখে বলা, বানান করে পড়তে ও লিখতে পারা।


আ - কার (া) যোগ


ছবি দেখে লিখি





কা	ক



















সামর্থ্য ঃ স্বরচিহ্ন ব্যবহার করে শব্দ তৈরি করতে পারা ও বলতে পারা।

পড়ি

কা	
না	ক
ঢা	

পা	
গা	ন
ধা	

ল	
পা	তা
আ	

ম	
শ	শা
আ	

কা	গজ
	পড়

বা	গান
	তাস

আ	কাশ
	ষাঢ়

আয়	না
ময়	


(া) কার বসাই ও পড়ি ঃ

কাক...	ঢাক...	জাম...	তাল...	হাত...
ছাত...	টাক...	চাক...	কমল...	বাতাস...
ছ... য...	ট... ক...	ত... ল...	ম... থ...	ম... ল...


সামর্থ্য ঃ ছবি দেখে স্বরচিহ্ন (ই-কার-ি) যুক্ত শব্দ বলা, বানান করে পড়তে শেখা ও লেখা।


ই - কার (ি) যোগ


ছবি দেখে লিখি ও পড়ি





হা	তি




















সামর্থ্য ঃ স্বরচিহ্ন ব্যবহার করে শব্দ তৈরি করে পড়তে পারা।

পড়ি

হা	তি
	সি

মা	ছি
	টি

বা	লি
	তি

চি	ঠি
	নি

কা	ঠি
	লি
	শি

গা	ড়ি
বা	
শা	

তি	মি
	থি
	সি


বি	ড়াল
	কাল
	শাল

ই-কার (ি) ঠিক জায়গায় বসাই ও পড়ি ঃ


ঠিক	...তন	...পঠ	...ঠকানা
ক...ব	ঘ...ট	য...দ	কা...ঠ
র...ব	রা...জ	পাগ...ড়	পাল...ক
..ট..ক	..ছ..প	..ব...ল..ত	...জ...ল...প

ঈ - কার (ী) যোগ

ছবি দেখে লিখি ও পড়ি








(ী) কার ঠিক জায়গায় বসাই ও পড়ি ঃ


গ...ত	ন...ল	ব...জ	শ...ত
ধন...	শশ...	ভার...	ফণ...
গভ ... র	জ...বন	ভ ... ষণ	শর...র


সামর্থ্য ঃ ছবি দেখে স্বরচিহ্ন (উ-কার - ু) যুক্ত শব্দ বলতে, পড়তে ও লিখতে পারা।


উ- কার (ু) যোগ


ছবি দেখে লিখি ও বলি —



























উ- কার (ু) যোগ

ছবি দেখে লিখি ও বলি —

ঠিক জায়গায় (ু) উ-কার বসাই ও লিখি


চুল	সখ	ভল	দধ .....


ডুমু / পুকু → র	আগু / নতু → ন	ভালু / শামু → ক	বকু / মুকু → ল


সামর্থ্য ঃ ছবি দেখে স্বরচিহ্ন (ু , ৃ) যুক্ত শব্দ বলা, বানান করে পড়তে শেখা ও লেখা। ু, ৃ ব্যবহার শেখা।

উ- কার (ু) যোগ

ছবি দেখে লিখি ও বলি —










ঋ-কার (ৃ) যোগ

ছবি দেখে লিখি ও বলি —








সামর্থ্য ঃ ছবি দেখে স্বরচিহ্ন (এ-কার - ে) যুক্ত শব্দ পড়তে, বলতে ও লিখতে পারা।


এ- কার (ে) যোগ


ছবি দেখে লিখি





















সামর্থ্য ঃ স্বরচিহ্ন (এ-কার - ে) যুক্ত শব্দের ব্যবহার করা এবং বানান করে পড়তে ও লিখতে পারা।

পড়ি ও লিখি

তে	ল	মে	ঘ	বে	ল	খে	লা
	জ		ষ		শ		ত

(ে) কার বসাই, পড়ি ও লিখি —


...কবল	...পখম	...চয়ার	...বলুন
অ..নক	আ..দশ	গ..ণশ	ক..য়ক

সামর্থ্য ঃ স্বরচিহ্ন (ঐ-কার - ৈ) যুক্ত শব্দের ব্যবহার করতে পারা।

পড়ি

ঐ-কার (ৈ) যোগ

পড়ি ও লিখি



শৈ	ল







সামর্থ্য ঃ ছবি দেখে স্বরচিহ্ন (ও-কার - ে া) যুক্ত শব্দ বলতে, পড়তে ও লিখতে পারা।


ও-কার (ে া) যোগ


ছবি দেখে লিখি ও পড়ি


























সামর্থ্য ঃ ছবি দেখে স্বরচিহ্ন (ৌ , ং) যুক্ত শব্দ বলতে, পড়তে ও লিখতে পারা।


ঔ-কার (ৌ) যোগ

ছবি দেখি ও লিখি

অনুস্বার (ং) যোগ

পড়ি ও লিখি






(ং) বসাই ও লিখি ঃ

জ ___	ট ___	ব ___ শ	ক ___ স	ডু লু ___

সামর্থ্য ঃ ছবি দেখে (ঃ , ँ) যুক্ত শব্দ বলা, বানান করে পড়তে শেখা ও লেখা।

বিসর্গ (ঃ) যোগ




আঃ, কী আরাম




উঃ, কী দুঃখ


চন্দ্রবিন্দু (ँ) যোগ


ছবি দেখে লিখি




চাঁ	দ











(ँ) বসাই ও পড়ি ঃ

গা

বা শি

কে পে

আ কা বা কা

স্বরচিহ্ন ব্যবহার

শিক্ষক বড়োদলে কার্ডের সাহায্যে এক একটি স্বরবর্ণ ও স্বরচিহ্নের সমতা বুঝিয়ে দেবেন এবং শিক্ষার্থীরা ছোটোদলে অনুশীলনীর কাজ করবে ও ডানদিকের শব্দ থেকে স্বরচিহ্নটি খুঁজে বার করে গোল দাগ দেবে।
সামর্থ্য ঃ স্বরচিহ্ন চিনতে পারা।

এসো স্বরচিহ্ন পড়ি ঃ —

বর্ণ		চিহ্ন		শব্দ
আ	=	া	=	ক (া)ন, কল(া)
ই	=	ি	=	দিদি, চিঠি
ঈ	=	ী	=	নদী, নবীন
উ	=	ু	=	ডুমুর, বকুল
ঊ	=	ূ	=	ময়ূর, ধূপকাঠি
ঋ	=	ৃ	=	কৃপণ, কৃষক
এ	=	ে	=	ছেলে, বেলা
ঐ	=	ৈ	=	দৈব, শৈল
ও	=	ো	=	খোকন, মোটর
ঔ	=	ৌ	=	সৌরভ, গৌরব।


শব্দ বিশ্লেষণ করে বর্ণ ও স্বরাকার চেনানো এবং এ সমস্ত বর্ণ ও স্বরাকার দিয়ে নতুন শব্দ বানানোর প্রক্রিয়া ভাষা শেখার অন্যতম স্বীকৃত কৌশল। কিন্তু অভ্যাসের সুযোগ কম হলে নতুন শব্দ পড়তে বা উচ্চারণ করতে শিশু আটকে যায়, সেজন্য বিভিন্ন বহুল প্রচলিত ব্যঞ্জনের সাথে সবগুলো স্বরাকারের এক একটিকে আলাদা আলাদা করে মিলিয়ে উচ্চারণের সুবিধার জন্য নীচের তালিকা ব্যবহার করা যেতে পারে। প্রথম দিকে শিক্ষক মহাশয় একটি ব্যঞ্জনের সাথে বিভিন্ন স্বরাকার মিলিয়ে রূপান্তরিত ধ্বনি উচ্চারণ করে শেখাবেন এবং শিশুদের বলতে বলবেন। পরে নীচের তালিকা থেকে শব্দ নিয়ে এই চার্টে ব্যঞ্জন ও স্বরাকারের স্থান চিহ্নিত করবেন। যেমন — মৌমাছি — এতে 'ম'তে আঙুল রাখবেন এবং পরে 'মৌ'তে এসে থামবেন। পরে আঙুল নিয়ে যাবেন 'মা'তে এবং শেষে 'ছি'তে থামবেন। এভাবে শিশুরা চার্ট মিলিয়ে সম্পূর্ণ শব্দ উচ্চারণ করে আনন্দ পাবে এবং অভ্যাস করে তাদের গঠনের কুশলতা বাড়াতে পারবে। তালিকার শব্দ ফুরিয়ে গেলে যেকোনো নতুন শব্দ বানিয়ে শিক্ষক শিশুদের চার্টে আঙুলের দ্বারা দেখাতে বলবেন। এক্ষেত্রে সব শব্দই অর্থপূর্ণ হতে হবে এমন কোনো কথা নেই।

	া	ি	ী	ু	ূ	ৃ	ে	ৈ	ো	ৌ
ক	কা	কি	কী	কু	কূ	কৃ	কে	কৈ	কো	কৌ
খ	খা	খি	খী	খু	খূ	খৃ	খে	খৈ	খো	খৌ
গ	গা	গি	গী	গু	গূ	গৃ	গে	গৈ	গো	গৌ
ঘ	ঘা	ঘি	ঘী	ঘু	ঘূ	ঘৃ	ঘে	ঘৈ	ঘো	ঘৌ
চ	চা	চি	চী	চু	চূ	চৃ	চে	চৈ	চো	চৌ
ছ	ছা	ছি	ছী	ছু	ছূ	ছৃ	ছে	ছৈ	ছো	ছৌ
জ	জা	জি	জী	জু	জূ	জৃ	জে	জৈ	জো	জৌ
ঝ	ঝা	ঝি	ঝী	ঝু	ঝূ	ঝৃ	ঝে	ঝৈ	ঝো	ঝৌ
ট	টা	টি	টী	টু	টূ	টৃ	টে	টৈ	টো	টৌ
ঠ	ঠা	ঠি	ঠী	ঠু	ঠূ	ঠৃ	ঠে	ঠৈ	ঠো	ঠৌ
ড	ডা	ডি	ডী	ডু	ডূ	ডৃ	ডে	ডৈ	ডো	ডৌ
ঢ	ঢা	ঢি	ঢী	ঢু	ঢূ	ঢৃ	ঢে	ঢৈ	ঢো	ঢৌ
ণ	ণা	ণি	ণী	ণু	ণূ	ণৃ	ণে	ণৈ	ণো	ণৌ
ত	তা	তি	তী	তু	তূ	তৃ	তে	তৈ	তো	তৌ
থ	থা	থি	থী	থু	থূ	থৃ	থে	থৈ	থো	থৌ
দ	দা	দি	দী	দু	দূ	দৃ	দে	দৈ	দো	দৌ
ধ	ধা	ধি	ধী	ধু	ধূ	ধৃ	ধে	ধৈ	ধো	ধৌ
ন	না	নি	নী	নু	নূ	নৃ	নে	নৈ	নো	নৌ
প	পা	পি	পী	পু	পূ	পৃ	পে	পৈ	পো	পৌ
ফ	ফা	ফি	ফী	ফু	ফূ	ফৃ	ফে	ফৈ	ফো	ফৌ
ব	বা	বি	বী	বু	বূ	বৃ	বে	বৈ	বো	বৌ
ভ	ভা	ভি	ভী	ভু	ভূ	ভৃ	ভে	ভৈ	ভো	ভৌ
ম	মা	মি	মী	মু	মূ	মৃ	মে	মৈ	মো	মৌ
য	যা	যি	যী	যু	যূ	যৃ	যে	যৈ	যো	যৌ
র	রা	রি	রী	রু	রূ	রৃ	রে	রৈ	রো	রৌ
ল	লা	লি	লী	লু	লূ	লৃ	লে	লৈ	লো	লৌ
শ	শা	শি	শী	শু	শূ	শৃ	শে	শৈ	শো	শৌ
ষ	ষা	ষি	ষী	ষু	ষূ	ষৃ	ষে	ষৈ	ষো	ষৌ
স	সা	সি	সী	সু	সূ	সৃ	সে	সৈ	সো	সৌ
হ	হা	হি	হী	হু	হূ	হৃ	হে	হৈ	হো	হৌ

দীঘি, রানি, দেখি, বীরু, লাঠি, নৌকা, ঝিমলী, নৃপতি, টেবিল, বিভীষণ, রোশনী, সুপারি, বাগিচা, সুরভী, সুতপা, সুশীল

বড়োদলে শিক্ষক ছবি দেখিয়ে শব্দটি বলতে বলবেন এবং স্বর চিহ্নটি বর্ণের কোন স্থানে কীভাবে যোগ হচ্ছে তা বুঝিয়ে দেবেন এবং শিক্ষার্থীরা ছোটোদলে বা খাতায় তা অনুশীলন করবে।
সামর্থ্য ঃ স্বরচিহ্ন ব্যবহার করতে পারা।

এসো ছবি দেখি ঃ —

ছবি	চিহ্ন	কীভাবে যোগ হচ্ছে	শব্দ
	া	ক + া + ক	কাক
	ি	ঘ + ড় + ি	ঘড়ি
	ী	দ + ী + প	দীপ
	ু	ফ + ু + ল	ফুল
	ূ	ধ + ূ + প	ধূপ
	ৃ	গ + ৃ + হ	গৃহ
	ে	থ + ল + ে	থলে
	ৈ	ব + ৈ + ঠ + া	বৈঠা
	ো	ঢ + ো + ল	ঢোল
	ৌ	ন + ৌ + ক + া	নৌকা

খুঁজে বার করি — যে যে স্বরচিহ্ন আছে ঃ

খুঁজে বার করি		যে যে স্বরচিহ্ন আছে ঃ
নীল	→	ী
মাছি	→	া ি
খুকু	→	
মাছ	→	
চারা	→	
লিখি	→	
কলা	→	
নৌকা	→	
পাখিরা	→	
বিকালে	→	
হৈমবতী	→	
ঝোপঝাড়	→	
মৌমাছি	→	

বসাই, পড়ি ও আরো বানাই —

মছ —	মা	ছি	হা	সি			
খক —	ু	ু					
লখ —	ি	ি					
নল	ী						
দখ —	ে	ো					
সরভ —	ৌ						

শিক্ষক / শিক্ষিকা বড়োদলে বোর্ডে ও কার্ডের মাধ্যমে করিয়ে ছোটোদলে শিশুদের কাজ দেবেন (স্বরচিহ্ন দিয়ে শব্দ তৈরির দক্ষতা)

স্বরচিহ্ন (া, ি, ে) বসিয়ে দু অক্ষরের শব্দ বানানো যেমন খুশি ঃ

চল —	চলা	চলি	চলে
বল —			
পড় —			
আন —			
চড় —			
কর —			
নড় —			
সর —			
ধর —			
ভর —			

সঠিক জায়গায় (মনে করে) স্বরচিহ্ন বসানো।

ঠিক করে লিখি ঃ

১.	অত	গছ	তত	পখ
	আতা	গাছে	তোতা	পাখি

ড ল ম গ ছ ম উ।

হ র দ দ র ম ড় ম ড় থ ন

ঠ ক র দ দ র ব উ

২.	বন	থক	বঘ
	বনে	থাকে	বাঘ।

গ ছ থ ক প খ।

জ ল থ ক ম ছ।

ড ল আ ছ ফ ল।

প খ ফ ল খ য়।

প খ ম ল ও ড়।

এলোমেলো বর্ণ সাজিয়ে যা হয় —

কাঢা	—	ঢাকা
লঢো	—	
মডি	—	
ড়ঝ	—	
ছমা	—	
জকা	—	
তরা	—	
ড়াপা	—	
লগো	—	
ছগা	—	
লিতু	—	

ছক থেকে শব্দ বানাই ও লিখি

তা,
পা
ল, ক

ই বা
ন, সা মা
কা না

…………, ……………,

…………, ……………,

…………, ……………,

…………, ……………,

ছ, ন,
প, ফ
মা
গা

অপ
চয়
পরি

…………, ……………,

…………, ……………,

ক
ম ম
ম

প, র,
ল, ভ

প, ফ,
ল, র


গৌ
সৌ ভ
ব

…………, ……………,

…………, ……………,

একটি বর্ণ দিয়ে অনেক শব্দ তৈরি করে শিক্ষক বড়োদলে বোর্ডে করে দেখাবেন। ছোটোদলে শিক্ষার্থীরা শব্দ বানাবে এবং বাক্য তৈরি করবে।
সামর্থ্য ঃ বর্ণ দিয়ে শব্দ তৈরি করতে ও বাক্য লিখতে পারা।

শব্দ বানাই ও পড়ি ঃ



কালো, ...,

.............., ...,

..................., ...,

.................., ...,

....

..................,

দুটি শব্দ মিলিয়ে বাক্য বানাই ঃ

বল	গাঁথি
মাছ	করি
মালা	তুলি
গান	খেলি
ফুল	গাই
কাজ	ধরি


বল খেলি,

শব্দ দিয়ে বাক্য খেলা

কার্ডে লেখা শব্দগুলো নিয়ে পাশাপাশি সাজাও, নীচের ছবির সঙ্গে মিলিয়ে বাক্য তৈরি করো ঃ



বই পড়ে








জল | বয় | লাগায় | গান | সূর্য | আঁকে | বই | চলে | গাছ | ঝড় | গায় | ওঠে | পথ | ছবি | পড়ে | খায়









মা, মামি, মেয়ে, রানি, বুড়ি
নায়ক, দাদা, বউ, ঠাকুমা,
দাদু, কাকা, বোন

উপরের ঝুড়ি থেকে শব্দ বেছে নিয়ে ফাঁক ভরো ঃ

১। বাবা — মা

২। মামা —

৩। — কাকিমা

৪। বুড়ো —

৫। ভাই —

৬। — নায়িকা

৭। রাজা —

৮। ঠাকুরদাদা —

৯। — দিদি

১০। বর —

১১। ছেলে —

১২। — দিদা

সাজিয়ে লেখো ঃ

১। দিদির রানি ঘর ....**রানি দিদির ঘর।**....

২। যাই বাড়ি মামার ....

৩। ছুটি আমাদের আজ ....

৪। পাতার লতা ফাঁকে ....

৫। চড়ার গাড়ি ভয় ....

৬। গাছ নারকেল ছোটো ....

৭। আজ পাড়ায় গান ও ....

৮। থাকি পাড়ায় জেলে ....

মৌখিকভাবে করানোর পর কর্মপত্রে কাজ দেবেন।

ফাঁকা জায়গায় ঠিক কথা বসাই ঃ (যে শব্দটি নেওয়া হবে সেটি গোল দাগ দাও)

খাব, থাকে, ওড়ে,
উড়ছে, খেলব, ছুটছে, দেখি
আছে, যাব, বলে

পাখি পাখা মেলে ওড়ে। ←

আমি ছবি ....।

বীনা ছড়া ....।

আমি আতা ....।

পাখি গাছে বসে ....।

আমরা দল বেঁধে বেড়াতে ....।

গোলাপে অনেক পাপড়ি ....।

আমি পরে ....।

খুব জোরে ঘোড়াটি ....।

বাতাসে অনেক ধূলো ....।

কে কী করছে নাম দিয়ে লিখি ঃ



বাজায়

বীরু তবলা বাজায়।



গায়



আসে



খেলে

রতন বল খেলে।





খায়

(শিশুরা নিজেরা লিখেবে)

স্বনির্ভরভাবে লিখতে দেওয়া হবে

ছবি দেখে লিখি ঃ







আরো বানাই ও শেষে পুরো কথা লিখি ঃ

মা	দেন					
মা		দেন				
মা			দেন			
মা				দেন		
মা					দেন	
মা						দেন

সকালে, বাটিতে
খেতে, মুড়ি
গুড়

মা সকালে বাটিতে মুড়ি গুড় খেতে দেন।

আমি	যাই				
আমি		যাই			
আমি			যাই		
আমি				যাই	
আমি					যাই

সকালে, পড়তে,
রোজ, খেয়ে

লেখার অভ্যাস

হাতের লেখা ঃ—

- শিশুরা প্রথমে আঁকিবুকি থেকে বর্ণ, স্বরচিহ্ন বিহীন শব্দ, স্বরচিহ্ন যুক্ত শব্দ, বাক্য প্রভৃতি বিষয় ক্রমান্বয়ে অভ্যাস করবে। লেখার ক্ষেত্রে সঠিক দিক অনুযায়ী লেখা, সঠিক মাত্রার প্রয়োগ, সমান অক্ষর, দুটি বর্ণ ও দুটি শব্দের মধ্যে সঠিক ফাঁক প্রভৃতি অনুযায়ী লেখা অভ্যাস করবে।

- কিশলয় প্রথমভাগ গ্রন্থে যেমন হাতের লেখার অনুশীলনী আছে, সেইমতো এই অনুশীলন গ্রন্থে লেখা অভ্যাস করবে। পরের দিকে স্লেটে ও খাতায়ও করবে।

- এছাড়া অনুশীলন গ্রন্থে কিছু নমুনা শব্দ / বাক্য আছে যা দেখে মুখে পড়বে ও মনে করে খাতায় লিখবে এবং নিজের লেখাকে নমুনা লেখা দেখে মেলাবে, শুদ্ধতা যাচাই করবে (৮২-৯৪ পৃষ্ঠা)

- শিক্ষক / শিক্ষিকা শব্দ / বাক্য / অন্যান্য লেখা সরবে বলবেন। শিশুরা তা শুনে স্লেটে বা খাতায় লিখবে। এতে শ্রুত লিখনের অভ্যাস গড়ে উঠবে।


- স্বনির্ভর পঠন / স্বনির্ভর লিখন ঃ —

  এইভাগে শিশুরা নিজে থেকে পড়বে ও লিখবে।
  প্রথম শ্রেণীর মান উপযোগী লাইব্রেরির বিভিন্ন রকম বই পড়বে।
  স্ব-নির্ভর লেখার ক্ষেত্রে মানস মানচিত্র, ছবি দেখে লেখা প্রভৃতি উপায় অভ্যেস করাবেন।


বিশেষ নির্দেশ ঃ ৬৪ থেকে ৯৪ পৃষ্ঠা পর্যন্ত অনুশীলন নির্ধারিত সময় সারণির মধ্যে সম্পন্ন করা না গেলে বাড়ির কাজ হিসাবে দেওয়া যেতে পারে এবং নির্দিষ্ট নির্ঘন্ট অনুযায়ী অনুশীলন শেষে শিক্ষিকা / শিক্ষক পড়ুয়ার সফলতা, দুর্বলতা চিহ্নিত করে সংশোধন করে দেবেন। শেষে তাঁর স্বাক্ষর থাকবে।

শিক্ষক বড়োদলে বোর্ডে রেখা টেনে দেখাবেন। ছোটোদলে রেখা মিলিয়ে আঁকতে শেখাবেন।

লেখার আগে আঁকি (রেখা)



লেখার আগে আঁকি (রেখা)



অ	অ			
আ	আ			
ই	ই			
ঈ	ঈ			
উ	উ			
ঊ	ঊ			


ঋ	ঋ			
এ	এ			
ঐ	ঐ			
ও	ও			
ঔ	ঔ			

ড	ড			
ঢ	ঢ			
ণ	ণ			
ত	ত			
থ	থ			
দ	দ			

ধ	ধ			
ন	ন			
প	প			
ফ	ফ			
ব	ব			
ভ	ভ			

ম	ম			
য	য			
র	র			
ল	ল			
শ	শ			
ষ	ষ			

স	স			
হ	হ			
ড়	ড়			
ঢ়	ঢ়			
য়	য়			
ৎ	ৎ			



এসো লিখি

শিক্ষক বড়োদলে বোর্ডে একবার লিখে দেবেন।
ছোটোদলে শিক্ষার্থীরা খাতায় বা স্লেটে লিখবে।

আম	আম	আম

আখ	আখ	আখ

পথ	পথ	পথ

ফল	ফল	ফল

বন	বন	বন

এসো লিখি

বই	বই	বই

মই	মই	মই

ঘট	ঘট	ঘট

বট	বট	বট

এসো লিখি

উট	উট	উট

নখ	নখ	নখ

রথ	রথ	রথ

বর	বর	বর

বউ	বউ	বউ

এসো লিখি

কলম	কলম	কলম

কলস	কলস	কলস

ঈগল	ঈগল	ঈগল

নয়ন	নয়ন	নয়ন

টগর	টগর	টগর

এসো লিখি

জল চক দল

টব জয় উই

এসো লিখি

মন সব জট

মহৎ সকল বয়স

এসো লিখি

বছর লবণ বরফ

যমজ পরব গরম

শব্দ পড়ি, মনে রাখি ও নীচের ফাঁকা জায়গায় লিখি ঃ—

নমুনা — ১

হাত শাল থাম ওরা

কণা জমা ধামা থামা

জামা বাবা মাথা মামা

আকাশ তবলা বাজনা

সানাই পাথর নাওয়া

খাওয়া যাওয়া পাহাড়

তালবন আশাদাদা সারারাত

ছায়ানট আনারস কারখানা

কলকাতা লতাপাতা পাঠশালা

ঠকাঠক টাকমাথা মাছরাঙা

নমুনা — ২

ভিত ঢিল ননি রবি বলি ঘটি

পড়ি টিভি পিসি নিশি বাটি

মাসি হাসি খুশি তুলি

কঠিন ডিলকি জিলিপি

বাতাবি টিয়াপাখি লাঠালাঠি

সারিসারি পাকাবাড়ি

হাততালি হাসাহাসি

নমুনা — ৩

নদী নীল তীর বীর বীজ

ভীষণ মালতী অতসী

গভীর বিভীষণ লীলাবতী

নমুনা — ৪

খুশি কুল কুলি ঘুঘু

বুধু নতুন বকুল সমুখ

ডুমুর ডমরু বুধবার বকুল ফুল

কূপ দূত কূল কূট

শূল ধূপ চূড়া রূপক

ময়ূর ভূষণ ধূপকাঠি

রূপকথা রাজদূত নলকূপ

নমুনা — ৬

ঘৃত তৃণ নৃপ গৃহ

কৃপণ কৃষক সদৃশ

পৃথিবী কৃপাময়ী কৃষিকাজ

নমুনা — ৭

কে দে সে নে দেশ

মেয়ে জেলে খেলা ছেলে

লেখা গাছে পাড়ে চেনা

ডাকে কেউটে বেলুন

রামের আমাকে দেওয়া

বোতল আমাদের এঁকেবেঁকে

ছেলেবেলা

নমুনা — ৮

দৈব শৈল থৈথৈ হৈম

কই দই খই

কৈলাস শৈশব বৈকাল

নমুনা — ৯

খোকা তোতা আলো গোল

নোলা শোক গোলক

উঠোন মোটর খোকন

মোহন জানোয়ার

ভোরবেলা

নমুনা — ১০

বউ ছউ মউ পৌষ

নৌকা গৌর দৌড় মৌন

গৌন মৌচাক সৌরভ

গৌরব মৌমাছি সৌগত

কৌরব পানকৌড়ি নৌবহর

দৌড়াদৌড়ি চৌকিদার

আতাগাছে তোতাপাখি

হীরে দাদার মড়মড়ে থান

ঠাকুরদাদার বউ গভীর বন

লাল জামা সবুজ পাতা

গোলাপ ফুল বুনো রামনাথ

ঘোলা জল মামার বাড়ি

বোলতার টোপ বড়ো শহর

ময়ূর বনের হাট ফিঙেপাখির ঝাঁক

হিমের পরশ টলটলে জল

বাঁশের লাঠি ভোরের বেলা

শেয়ালের হাঁক গভীর দুঃখ

হিমেল হাওয়া শিশিরের রেখা

ধামাভরা চাল বাটা ভরা পান

গাছপাকা আম

সুরেলা বাঁশি বাঁকা চাঁদ

চেনাজানা লোক ময়ূরের পেখম

দুধমাখা ভাত

রঙিন টিভি মৌরলা মাছের ঝোল

এসে গেল মধুভরা মৌচাক

লাঠি হাতে চৌকিদার বাঁক কাঁধে গোয়ালা

আজ ঈদ।

আজিজ খুশি।

পথ ঘর ঝলমল।

নতুন জামা নতুন জুতো।

ভালো ভালো খাবার।

নবীন বরণ উৎসব

রতন গান করবে।

সওকত তবলা বাজাবে।

রানি ভালো নাচে।

আমি গাইতে পারি না।

আমি ছড়া বলব।

নদী কুলু কুলু বয়।

এত জল কোথা থেকে আসে?

পাখিরা উড়ে উড়ে কোথায় যায়?

ভোলা মাছ ধরে। ভোলা দিঘিতে

মাছ ধরে। ভোলা দিঘিতে শোল

মাছ ধরে। ভোলা দিঘিতে ছিপ

দিয়ে শোল মাছ ধরে।

আয়েষা যাবে। আয়েষা আর

শাপলা যাবে। আয়েষা আর

শাপলা একসাথে যাবে।

আয়েষা আর শাপলা একসাথে

ইশকুলে যাবে।

পাখিরা ওড়ে। পাখিরা দল বেঁধে ওড়ে।

পাখিরা ডানামেলে ওড়ে।

পাখিরা ডানামেলে দল বেঁধে ওড়ে।

পাখিরা ডানা মেলে দল বেঁধে

আকাশে ওড়ে।

আমি খেলি। আমি বিকালে খেলি।

আমি বিকালে মাঠে খেলি।

আমি বিকালে মাঠে গিয়ে ফুটবল খেলি।

রবি বড়ো হয়ে হলেন রবীন্দ্রনাথ ঠাকুর।

বাবার বাবা হলেন ঠাকুরদা।

দত্ত বাড়ির সত্য বিদ্যালয়ে পড়ে।

আমার ঠাম্মা রোজ সকালে রামায়ণ পড়েন।

আমটি খেতে খুব ভালোবাসি।

তাইতো মুখে ফোটে হাসি।

উঃ আঃ আঃ কেন কর ?

শীত লাগে তো গানটি ধরো।

১. স্ব-নির্ভর পঠন সম্ভার

শিক্ষক / শিক্ষিকাদের প্রতি
বর্ণ চেনা, শব্দ ও বাক্য গঠনের কাজ শেষ হলে বিশেষ বিশেষ পাঠ পরিচালনার সময় পড়ুয়াদের দিয়ে পড়িয়ে তাদের কবিতা / গদ্য পাঠের দক্ষতা বাড়ানো যেতে পারে।
সামর্থ্য ঃ কবিতার / গদ্যের শব্দগুলির মাঝখানে ছেদ / ফাঁক রাখা হল যাতে তারা শব্দ গুচ্ছীকরণ করতে পারে।

জল হয় চাষ হয়।






মাঠ ময় ধান হয়।



পাকা ধান ঝাড়া হয়।



ধান থেকে চাল হয়।
চাল থেকে ভাত হয়।
ভাত মাছ খাওয়া হয়।




রতন আসন পাতে। আসনের সামনে থালা।

থালায় অনেক খাবার। সব খাবার রতন খায়।




ঐ পুকুর। পুকুরে জল। জলের ধারে খুকু।

খুকুর হাতে ঘটি। ঘটিতে সে জল ভরে।




দুই টিয়া





মা টিয়া আর ছানা টিয়া



মা টিয়া খাবার আনে



ছানা টিয়া হাঁ করে, মা তাকে খাইয়ে দেয়



বই মেলা। মেলায় অনেক বই। তপন মেলায় যায়।

তপনের বাবাও যান। বাবা বই কেনেন।

তপনকেও বই কিনে দেন।

শুধু পড়ি


ছোটো পাখি টুনটুনি



ছোটোপাখি টুনটুনি।
ও বড় ভালো।

বাগানের বেগুন গাছে
ওর বাসা।






টুনটুনি বাসায় ডিম পাড়ে
ছোটোছোটো ডিম।

আজ ডিম ফুটেছে।
ছানা দুটো ভালো।







খায়-দায়
আর ঘুমোয়।
মাকে দেখলেই
ডাক দেয়।

ওরা বড়ো হবে।

আমি পুষব।

ভারি মজা হবে।





বড়ো বড়ো গাছ।

গাছে আছে ফল।

ফলে আছে রস।

ফল খেতে ভারি মজা।

পড়ি

শিক্ষক / শিক্ষিকাদের প্রতি


বর্ণ চেনা, শব্দ ও বাক্য গঠনের কাজ শেষ হলে বিশেষ বিশেষ পাঠ পরিচালনার সময় পড়ুয়াদের দিয়ে পড়িয়ে তাদের কবিতা / গদ্য পাঠের দক্ষতা বাড়ানো যেতে পারে।

সামর্থ্য ঃ গদ্যের শব্দগুলির মধ্যে ডট্ (/) দেওয়া হল যাতে তারা শব্দ গুচ্ছীকরণ করতে পারে।



আমি / বনের পথে হাঁটি। বনের ধারে / ঝোপ। ঝোপে / একটা বাঘ। সে ঘুমে / ঢুলছিল। আমি / হোঁচট খেলাম। বাঘের ঘাড়ে / পড়ে গেলাম। বাঘটার লাল জিভ। সে আমায় / চেটে দিল। হঠাৎ আমার / ঘুম / ভেঙে গেল।

রহিম




রহিম / কাঠ আনতে / বনে গেল। হাতে তার / কুড়ুল। সে / গাছের তলায় / দাঁড়াল। অনেক ভেবে / গাছে উঠল। ডালে বসে / ডালের গোড়ায় / কোপ দিল। ডাল / গেল ভেঙে। সে / মাটিতে পড়ল। তার পা / ভেঙে গেল।

মা



আকাশে / কালো মেঘ। আজ / ঝড় হবে। ঝড় / শুরু হলে / ঘরবাড়ি কাঁপে। গাছপালা / ভেঙে পড়ে। ধুলোবালি / ওড়ে। আমি খুব / ভয় পাই। মাকে / জড়িয়ে ধরি। মা বলেন / ভয় কীসের ? আমি তো / আছি।

রাতের বেলা দাদা ও খোকার কথা




খোকা — দু'টো কি ঝক্‌ঝক্ করছে ?

দাদা — ঐ বেড়ালের চোখ নড়ছে।

খোকা — ওটা কি খচ্‌খচ্ করল ?

দাদা— এই বেড়াল ইঁদুর ধরল।

কৃতজ্ঞতা স্বীকার
(সুখলতা রাও)



বড়ো বাড়ি। বাড়ি আলোয় ঝলমল। বাড়ির সামনে পথ। পথে দাঁড়িয়ে রমা। রমার ঝলমলে জামা। সে আলো দেখে।

আমি রবি



আমার নাম রবি। আমার বয়স এগারো বছর। আমি বেড়াতে যাব। বাবার সাথে যাব বোলপুরে। তার পর হিমালয়ে।


রেলগাড়ি এল। আমরা উঠে বসলাম। গাড়ি চলল কু ঝিক্-ঝিক্। গাড়ি থামল। আমরা নামলাম বোলপুরে। বোলপুরে লালমাটি। ফাঁকা মাঠ। চারদিকে নুড়ি পাথর। আমি নুড়ি নিই। নুড়ি দিয়ে পাহাড় বানাই। চারপাশে কত গাছ। দুপুর হয়। আমি নারকেল গাছে হেলান দিই। খাতা নিই। খাতায় কবিতা লিখি। তিনদিন কেটে যায়। আবার রেলগাড়ি চড়ি। এবার যাব হিমালয়ে।


স্বনির্ভর লিখন ঃ —
শিক্ষক দেখবেন শিশুরা নিজে থেকেই লিখতে পারছে কিনা।


১. প্রথমে একটি ছবি দেখে বাক্য লিখি ঃ

২. পরে দুটি ছবি তুলনা করে একের বেশি বাক্য লিখি ঃ











শব্দগুলির সাহায্যে বাক্য তৈরি করি

(শিক্ষক / শিক্ষিকার সহায়তায় এটি করতে হবে। প্রথমে মুখে বলে, পরে লিখে।)



নদীতে জল আছে। নদীর জলে বড়ো বড়ো ঢেউ।

ছবি দেখে লিখি



ছবি দেখে লিখি



(কিশলয় — ১ম ভাগের পাঠগুলির সংযোজিত অনুশীলন। প্রতিটি নির্দিষ্ট পাঠ শেষ হলে তবে এগুলোর অভ্যাস করা যেতে পারে।)

বোলপুরে রবি

সাজিয়ে লিখি (কার্ডের সাহায্যে করা যাবে)

রবি পরে যাবে হিমালয়ে।

রবি রেলগাড়িতে চড়ল।

রবি গাছে হেলান দিল।

রেলগাড়ি এল।

এবার সে যাবে হিমালয়ে।

রবি কবিতা লিখল।

রবি বেড়াতে যাবে।

রবি আগে বোলপুরে যাবে।

ছুটি

১। কবিতার শেষে মিল আছে এমন শব্দগুলি খুঁজি ও একই রকম শব্দ লিখি ঃ

টুটি ঃ ছুটি, জুটি
ভাইঃ
ফুলেঃ

২। ডানদিকের শব্দ নিয়ে কবিতার লাইন ভরি ঃ

মেঘের কোলে রোদ হেসেছে
____ গেছে ____;
আজ আমাদের ____, ও ভাই,
আজ আমাদের ছুটি।
কী ____ আজ ভেবে না পাই,
____ হারিয়ে কোন্ ____ যাই,
কোন্ ____ যে ছুটে ____;
সকল ছেলে ____।

ছুটি, জুটি
বাদল, মাঠে
বেড়াই, করি,
টুটি, বনে,
পথ, যাই।

৩। একই রকম মানে হয় এমন শব্দ
ডানদিক থেকে খুঁজে নিয়ে পাশে বসাই ঃ

ছিঁড়ে গেছে ____
বরষা ____
খুঁজে না পাওয়া ____
দৌড়ে যাই ____
একসাথে মিলে ____
তৈরি করে ____

বাদল,
জুটি,
ছুটে,
টুটি,
হারিয়ে
গড়ে

৪। আলাদা করে লিখি ঃ

বাদল —— [বা] [দ] [ল]

কোলে ——

আমাদের ——

টুটি ——

ছুটি ——

হারিয়ে ——

পথ ——

কেয়াপাতা ——

নৌকা ——

৫। আগের ও পরের বর্ণ নিয়ে শব্দ বানাই ঃ

মেঘ

[মে] [ঘ]

[মে] ঃ মেঘ, মেঘলা...........

[ঘ] ঃ ঘন, ঘর ....

কোল ——

আজ ——

বাদল ——

বন ——

মাঠ ——

ছেলে ——

পাতা ——

কুল ——

৬। বাক্য লিখি ঃ

নৌকা —— নৌকা করে বেড়াতে যাব।
ফুল ——
ছেলে ——
সকল ——
কোল ——
মেঘ ——

৭। শব্দগুলি ঠিকভাবে সাজিয়ে লিখি ঃ

হেসেছে কোলে রোদ মেঘের ____________
না আজ পাই কী ভেবে করি ____________
গড়ে নৌকা পাতার কেয়া ____________
মাঠে বেড়াই ছুটে যে কোন্ ____________

৮। বিপরীত কথা খুঁজে নিয়ে লিখি ঃ

সকলে	খুঁজে
রোদ	বাদল
টুটি	বন
হারিয়ে	একা
মাঠ	জুটি

৯। ঠিক কথার পাশে ✓ দাগ দিই ঃ

মেঘের কোলে রোদ দেখা দিয়েছে / হেসেছে ✓ / দেখা যায়নি।
আজ আমাদের ছুটি / কাজ / কমকাজ।
সাজিয়ে দেব জলে / ফলে / ফুলে।
তালদিঘিতে নৌকা ভাসবে / ডুববে / দাঁড়িয়ে থাকবে।

১০। দু-এক কথায় বলি ঃ

ছুটিতে কি করি?

ছুটি কখন হয়?

আজ ছুটিতে ছেলেরা কি করবে?

কেয়াপাতার নৌকায় কে যাবে?

নৌকাটি কোথায় ভাসাবে?

১১। বইয়ের ছবিটি দেখে কয়েকটি বাক্য লিখি। (শ্লেটে লিখবে)

১২। একটি ছুটির দিন কেমন ভাবে কাটাই — তার ওপর কয়েকটি বাক্য লিখি। (শ্লেটে/ খাতায় লিখবে)

১৩। নীচের কথাগুলি পড়ি ও নিজে লিখি ঃ

ছুটি বাদল শেষ রোদ

নৌকা ছেলে

বাদল শেষ হয়ে গেছে। রোদ উঠেছে।

____

দুখু মিঞা

১। সঠিক বাক্যের সঙ্গে 'হ্যাঁ' বা 'না' লেখো।

ক) দুখুর গাঁয়ের নাম পুরুলিয়া। না

খ) দুখুর বাবা নেই। ☐

গ) দুখুর মা বড়ো গরিব। ☐

ঘ) লেখাপড়ায় দুখুর মন নেই। ☐

ঙ) সে পাঠশালায় পড়েনি। ☐

চ) এই দুখু হলেন কবি নজরুল ইসলাম। ☐

২। ফাঁকা জায়গায় পাশের খোপ থেকে সঠিক কথা নিয়ে বাসাও।

ক) গাঁয়ের নাম চুরুলিয়া। (পুরুলিয়া / চুরুলিয়া)

খ) দুখুর মনে খুব ————— । (আনন্দ / দুঃখ)

গ) পড়া ছেড়ে দুখু ————— দলে ঢুকেছে। (গানের / নাটকের)

ঘ) দুখু ———— দোকানে কাজ নেয়। (রুটির / কাপড়ের)

ঙ) এই দুখুই হলেন ————— । (কাজী নজরুল ইসলাম / রবীন্দ্রনাথ ঠাকুর)।)

সাজিয়ে লিখি ঃ

১। দুখু পাঠশালায় মন দিয়ে পড়ে।
২। দুখু রুটির দোকানে কাজ নেয়।
৩। দুখু আবার পড়া শুরু করেও লড়াই করতে গেল।
৪। দুখু ছোটবেলা থেকে গান লেখে, গান করে।
৫। দুখু থাকে চুরুলিয়ায়।
৬। দুখু হলেন কবি কাজী নজরুল ইসলাম।
৭। তিনবছর পর লড়াই করে দুখু ফিরে এল।
৮। দুখু কবিতা আর গান লিখে খুব নাম করে।

'কিশলয় বই' এ 'দুখু মিঞা' পাঠের ছবিটি দেখি ও ছবিটি দেখে লিখি।

ভোর হল

- আগের, মাঝের বা পরের লাইন লিখি।

ভোর হল
____
খুকুমণি ওঠো রে।
ওই ডাকে
জুঁই-শাখে
____
________________।
রবি-মামা
____
গায়ে রাঙা জামা ওই,
____
____
শোনো ঐ, 'রামা হৈ'।

ফুল-খুকি ছোটোরে
খুকুমণি ওঠো রে

দোর খোলো


দারোয়ান
গায় গান

দেয় হামা

- পড়ি ও দাগ টেনে মেলাই

ভোর হয়েছে, দরজা খোলো।	দারোয়ান গায় গান।
দারোয়ান গান গায়	রবি মামা দেয় হামা গায়ে রাঙা জামা ওই
রবি মামা গায়ে রাঙা জামা পরে হামা দেয়।	খুকুমণি ওঠো রে।
খুকুমণি উঠে পড়।	ভোর হল দোর খোলো।

- ছড়া থেকে খুঁজি ও নাম লিখি ঃ



● বইয়ের ছবি দেখি ও লিখি ঃ

____

____

____

____

____

● কে কী করে লিখি ঃ

খুকুমণি ________	ডাকে
ফুল খুকি খুকুমণিকে ________	ঘুমোয়
রবি মামা ________	হামা দেয়
দারোয়ান ________	গান গায়

মহুয়াতলার মাঠ

● যেমন খুশি লিখি ঃ

১। মাদল বাজে	ধিতাং	ধিতাং	ধিতাং	তা
২। সাইকেলের বেল বাজে		____	____	____
৩। বাসের আওয়াজ		____	____	____
৪। ভ্যানের আওয়াজ		____	____	____
৫। রিক্সার আওয়াজ		____	____	____
৬। তবলার বোল		____	____	____
৭। হারমোনিয়াম বাজে		____	____	____

● নীচের কথাগুলো দুভাবে লিখি ঃ

বোল, চিনি, দিন, মেলা,

বোল ১। গাছে গাছে আমের বোল এসেছে।
২। তবলার বোলে মজা লাগে।

চিনি ১। ________________
২। ________________

দিন ১। ________________
২। ________________

মেলা ১। ________________
২। ________________

● এসো পড়ি ঃ

১। হপন টপনের বোন ডিলকিও নাচছে।
২। হপনের মা বোবা রাজার গল্প বলেছিলেন।
৩। মহুয়াতলার মাঠে মাদল বাজবে।
৪। ডুলুং নদীর ধারে মেলা বসেছিল।
৫। আজ সবার খুশির দিন।
৬। আমরা মেলায় যাব।
৭। আমরা মহুয়াতলার মাঠে এসেছি।
৮। করম পরবের দিন মেলা বসবে।
৯। নাচের বোলে মেয়েরা নাচছে।
১০।মাদলে বোল তুলছে রামেসর আর গণেশ সোরেন।
১১।মাদল বাজছে ধিতাং ধিতাং ধিতাং তা।
১২।আমরা মেলায় এসেছি।
১৩।আমরা মহুয়াতলার মাঠে যাব।
১৪।আমরা মহুয়াতলার মাঠে গিয়েছিলাম।

আজকের ঘটনাগুলি লিখি

১। হপন টপনের বোন ডিলকিও নাচছে দেখছি।
২।

যে ঘটনাগুলি ঘটেছিল ঃ লিখি

১। আমরা মহুয়াতলার মাঠে গিয়েছিলাম।

২।

যে ঘটনাগুলি ঘটবে ঃ লিখি

১। আমরা মহুয়াতলার মাঠে যাব।

২।

• নীচের কথাগুলো পড়ি। তারপর নিজে লিখি।

মেলা → দোকানপাট → নাচগান → খাওয়া দাওয়া → খুশি → মজার দিন


অজয় নদের ধারে মেলা বসেছে। আজ মেলায় যাব।

শিখন উপকরণের নমুনা

শব্দগুচ্ছ


সংযোজন — ১ (ক)

ছোটো ছোটো অর্থপূর্ণ বাক্য তৈরি করবে বিভিন্ন শব্দ মিলিয়ে।



সংযোজন — ১ (খ)


বিভিন্ন শব্দ মিলিয়ে অর্থপূর্ণ বাক্য তৈরি করবে



বাক্য

সংযোজন — ১ (ক)

চক্রচার্ট



বাক্য

সংযোজন — ১ (খ)

